# প্রেস বিজ্ঞপ্তি

## আইকিউএসি-এর উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে "Advancing Quality Assurance in Higher Education: Reflections from IQAC Leadership Across Universities in Bangladesh" শীর্ষক জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (**আইকিউএসি**)-এর উদ্যোগে **"Advancing Quality Assurance in Higher Education: Reflections from IQAC Leadership Across Universities in Bangladesh"** শীর্ষক দিনব্যাপী জাতীয় কনফারেন্স **বৃহস্পতিবার, ১৩ নভেম্বর ২০২৫, ঢাকা** বিশ্ববিদ্যালয়ের **নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন ও অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে** অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন **অধ্যাপক ড. এম. রেজাউল ইসলাম,** পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা,** উপ-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **অধ্যাপক ড. মামুন আহমেদ,** উপ-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয় এবং **অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি,** কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন **অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ,** চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (BAC)।

কনফারেন্সে স্বাগত বক্তব্য প্রদান করেন **ড. মোস্তাক ইবনে আয়ুব,** অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয়। কী-নোট বক্তা হিসেবে বক্তব্য রাখেন **অধ্যাপক ড. জুড উইলিয়াম জেনিলো,** উপ-উপাচার্য ও পরিচালক, আইকিউএসি, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ **(ULAB)** এবং **অধ্যাপক ড. মো. সাইফুল আলম,** অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয়।

কনফারেন্সে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি পরিচালক ও অতিরিক্ত পরিচালকবৃন্দ তাঁদের গবেষণা ভিত্তিক প্রেজেন্টেশনের মাধ্যমে উচ্চশিক্ষায় গুণগত মানোন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন। দিনব্যাপী দুটি প্যারালাল সেশনে মোট **২৯টি** প্রবন্ধ উপস্থাপন করা হয়, যেখানে উচ্চশিক্ষায় গুণগত উৎকর্ষতা অর্জনের নানা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

অনুষ্ঠানের সমাপনী পর্বে সার্টিফিকেট প্রদান ও সমাপনী বক্তব্য প্রদান করেন **অধ্যাপক ড. এম. রেজাউল ইসলাম,** পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয়। তিনি বলেন, ''দেশের উচ্চশিক্ষায় গুণগত মান নিশ্চিতে আইকিউএসি-এর ভূমিকা এখন আরও সুসংহত ও প্রভাব বিস্তারী। বিশ্ববিদ্যালয়গুলো পরস্পরের অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে ভবিষ্যতে মাননির্ভর শিক্ষা কাঠামো গড়ে তুলতে সক্ষম হবে।"

কনফারেন্সের মাধ্যমে প্রত্যাশা করা হচ্ছে যে, বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে গুণগত মান নিশ্চিতকরণে একটি সমন্বিত ও টেকসই কাঠামো গড়ে উঠবে।

# Press Release

## IQAC, University of Dhaka, Hosts National Conference on "Advancing Quality Assurance in Higher Education: Reflections from IQAC Leadership Across Universities in Bangladesh"

The Institutional Quality Assurance Cell (IQAC), University of Dhaka, organized a day-long national conference on *"Advancing Quality Assurance in Higher Education: Reflections from IQAC Leadership Across Universities in Bangladesh"* on Thursday, 13 November 2025, at the Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban and Professor Abdul Matin Chowdhury Virtual Classroom, University of Dhaka.

The inaugural session was chaired by **Professor Dr. M. Rezaul Islam**, Director, IQAC, University of Dhaka. **Professor Dr. Sayema Haque Bidisha**, Pro-Vice Chancellor (Administration), University of Dhaka, attended the event as the **Chief Guest**. **Professor Dr. Mamun Ahmed**, Pro-Vice Chancellor (Academic), University of Dhaka, and **Professor Dr. M. Jahangir Alam Chowdhury**, Treasurer, University of Dhaka, were present as **Special Guests**. **Professor Dr. Mesbahuddin Ahmed**, Chairman, Bangladesh Accreditation Council (BAC), graced the event as the **Guest of Honor**.

The welcome address was delivered by **Dr. Mustak Ibn Ayub**, Additional Director, IQAC, University of Dhaka. **Professor Dr. Jude William Genilo**, Pro-Vice Chancellor and Director, IQAC, University of Liberal Arts Bangladesh (ULAB), and **Professor Dr. Md. Saiful Alam**, Additional Director, IQAC, University of Dhaka, served as the **Keynote Speakers**.

The conference brought together IQAC Directors and Additional Directors from various public and private universities across Bangladesh, who presented papers on enhancing quality assurance practices in higher education.

A total of 29 papers were presented in two parallel sessions, covering diverse themes such as Outcome-Based Education (OBE), Curriculum Development, Internal Quality Assurance Mechanisms, Stakeholder Engagement, and Institutional Governance.

In the **closing session**, certificates were distributed, followed by a concluding address by **Professor Dr. M. Rezaul Islam**, Director, IQAC, University of Dhaka. He remarked that "The role of IQACs in ensuring quality in higher education has become more structured and influential. Through sharing experiences and collaboration, universities will be able to establish a sustainable, quality-driven academic framework for the future".

The conference concluded with a shared commitment to strengthening the quality assurance framework across universities in Bangladesh, fostering continuous improvement, and advancing the nation's higher education system toward global standards.